বর্ডার গার্ড বাংলাদেশ এর মাসিক প্রকাশনা

# বিজিবি বুলেটিন

● দ্বিতীয় বর্ষ ● ৩য় সংখ্যা ● ফাল্গুন-চৈত্র ১৪২৭ ● মার্চ ২০২১



২৬ মার্চ ২০২১ তারিখ স্বাধীনতা দিবস উপলক্ষ্যে বিজিবি সদর দপ্তর বিজিবি, পিলখানায় সীমান্ত গৌরবে পুষ্পস্তবক অর্পণ করে মহান মুক্তিযুদ্ধে শহীদদের প্রতি শ্রদ্ধা জানান বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।

## সূচিপত্র


স্বাধীনতা দিবসে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন

বিজিবি মহাপরিচালকের পরিদর্শন

বিজিবি জাদুঘর পরিদর্শন

আন্তর্জাতিক নারী দিবস-২০২১ উদযাপন

৯৬তম রিক্রুট ব্যাচের মৌলিক প্রশিক্ষণ

সুবেদার মেজর (অবসর/পদোন্নতি)

করোনা ভাইরাস

মৃত্যু প্রতিবেদন

কল্যাণমূলক কর্মকাণ্ড

সিজার প্রতিবেদন

দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ

বিজিবি-বিএসএফ রিট্রিট সিরিমনি

বিনামূল্যে চিকিৎসা সেবা ও ঔষধ বিতরণ

অপারেশন ও প্রশিক্ষণ কার্যক্রম

স্বাধীনতা দিবস হ্যান্ডবল প্রতিযোগিতা





১-৩ মার্চ ২০২১ তারিখ পর্যন্ত নীলডুমুর ব্যাটালিয়ন (১৭ বিজিবি), আরবিজি কোম্পানী সদর এবং বিজিবিএস শাহ্জালাল জাহাজ যোগে দায়িত্বপূর্ণ সীমান্ত এলাকা পরিদর্শন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।



১৫ মার্চ ২০২১ তারিখে নেপাল সেনাবাহিনীর কমান্ড এন্ড স্টাফ কলেজের কমান্ড্যান্ট Major General Hira Lal Joshi, rcds, psc এর নেতৃত্বে ৪০ সদস্যের প্রতিনিধি দল পিলখানাস্থ বর্ডার গার্ড জাদুঘর পরিদর্শন করেন।

bgbbuletin@gmail.com
www.bgb.gov.bd





৮ মার্চ ২০২১ তারিখে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব কর্তৃক আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে আয়োজিত 'বরণ-বিদায় সংবর্ধনা' অনুষ্ঠানে কেক কাটেন সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব এর সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম।


৩১ জানুয়ারি হতে ১৫ জুলাই ২০২১ তারিখ পর্যন্ত বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজের ব্যবস্থাপনায় পরিচালিত ৯৬তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণ এর দৃশ্য।




## সুবেদার মেজর (অবসর/পদোন্নতি)



জেসিও-৬৭০২ অনা. সহ. পরিচালক
মোঃ আব্দুল খালেক
গাজীপুর ব্যাটালিয়ন (৬৩ বিজিবি)
অবসরের তারিখ ঃ ০৪-৩-২১


জেসিও-৭১৫০ সুবেদার মেজর
মোঃ মোসলেম উদ্দিন
খেদাছড়া ব্যাটালিয়ন (৪০ বিজিবি)
অবসরের তারিখ ঃ ১১-৩-২১


জেসিও-৬৭২৪ সুবেদার মেজর
মোঃ আব্দুল বাছেদ
কাপ্তাই ব্যাটালিয়ন (৪১ বিজিবি)
অবসরের তারিখ ঃ ১৪-৩-২১


জেসিও-৬৯৯৮ সুবেঃ মেজর সিগঃ
মোঃ মজিবুর রহমান
আইসিটি ব্যাটালিয়ন ঢাকা
অবসরের তারিখ ঃ ১৪-৩-২১


জেসিও-৭১৯৮ সুবেদার মেজর
ফরিদুল আহমেদ খাঁন
জামালপুর ব্যাটালিয়ন (৩৫ বিজিবি)
পদোন্নতির তারিখ ঃ ০১-৪-২১


জেসিও-৭২০০ সুবেদার মেজর
মোঃ সহিদুল ইসলাম
বর্ডার সিকিউরিটি ব্যুরো, ঢাকা
পদোন্নতির তারিখ ঃ ০১-৪-২১


জেসিও-৭২০২ সুবেদার মেজর
মোঃ আব্দুস সালাম শেখ
পানছড়ি ব্যাটালিয়ন (৩ বিজিবি)
পদোন্নতির তারিখ ঃ ০১-৪-২১


জেসিও-৭২০৫ সুবেদার মেজর
মোঃ লিয়াকত আলী
সুনামগঞ্জ ব্যাটালিয়ন (২৮ বিজিবি)
পদোন্নতির তারিখ ঃ ০১-৪-২১

## করোনা ভাইরাস

মার্চ ২০২১ মাস পর্যন্ত ৪৯১ জন বিজিবি সদস্য কোভিড-১৯ এ আক্রান্ত হয়েছে। এর মধ্যে সুস্থ হয়েছে ৪৫৫ জন এবং মৃত্যুবরণ করেছে ৯ জন। সুস্থতার হার প্রায় ৯৩%।

## মৃত্যু প্রতিবেদন

| ক্রমিক | নং, পদবি ও নাম | ইউনিট | মৃত্যুর তারিখ | মৃত্যুর কারণ |
|---|---|---|---|---|
| ১। | বাবুর্চি-২৪১৯ বাবুর্চি আব্দুল ওহাব | নারায়ণগঞ্জ ব্যাটালিয়ন (৬২ বিজিবি) | ০৮-০৩-২১ | জ্বর |
| ২। | নং ১০৪৭৪৫ সিপাহী মোঃ মহিউদ্দিন | রাজনগর ব্যাটালিয়ন (৩৭ বিজিবি) | ১৭-০৩-২১ | POLY TRAUMA DUE TO RTA |
| ৩। | নং ৭৫৭৮৫ ল্যাঃ নাঃ কেএম আরিফুল ইসলাম | ছোটহরিণা ব্যাটালিয়ন (১২ বিজিবি) | ১৭-০৩-২১ | হার্ট এ্যাটাক |
| ৪। | সিএ-১৬৩ অফিস সহঃ মোঃ আব্দুল মান্নান মোল্লা (পিআরএল) | নারায়ণগঞ্জ ব্যাটালিয়ন (৬২ বিজিবি) | ২১-০৩-২১ | ব্রেইন স্ট্রোক |
| ৫। | বাবুর্চি-৩৭১৬ বাবুর্চি মোঃ বিল্লাল হোসেন | রহনপুর ব্যাটালিয়ন (৫৯ বিজিবি) | ২১-০৩-২১ | হার্ট এ্যাটাক |
| ৬। | নং ৫৭৪১১ হাবিলদার মোঃ মুজিবুর রহমান | রামগড় ব্যাটালিয়ন (৪৩ বিজিবি) | ২৩-০৩-২১ | হার্ট এ্যাটাক |
| ৭। | নং ৫৫১২১ হাবিঃ চাঃ মোঃ আনসার আলী | জকিগঞ্জ ব্যাটালিয়ন (১৯ বিজিবি) | ২৬-০৩-২১ | স্ট্রোক |

## কল্যাণমূলক কর্মকাণ্ড

| ক্রমিক | কাজের বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১। | সীমান্ত তহবিল হতে বিজিবি সদস্য এবং তাদের পরিবারবর্গের কল্যাণার্থে ও উন্নয়নমূলক কাজে ব্যয়। | ৪,৭৮,৫০,৭৩২/- |
| ২। | বিজিবি স্বাস্থ্য সহায়তা তহবিল হতে ৯ জন বিজিবি সদস্যকে চিকিৎসার জন্য অনুদান প্রদান। | ২০,৯৬,৪৯৩/- |

## সিজার প্রতিবেদন

মার্চ ২০২১ মাসে ৬৬,৯৯,৭৫,৬২৭/- টাকা মূল্যের মাদকদ্রব্য এবং চোরাচালানী পণ্য আটক করা হয়েছে। আটককৃত মাদকদ্রব্যের মধ্যে ৯,৮৮,৯০১ পিস ইয়াবা ট্যাবলেট, ৪২,৬৭৩ বোতল ফেনসিডিল, ১৩.৬৩১ কেজি হেরোইন, ২৪,১৩১ বোতল বিদেশি মদ, ৫৮০ বোতল বিয়ার, ১৮০.৫ লিটার দেশি মদ, ১৮৯০.৯০৫ কেজি গাঁজা, ৮৫০টি নেশাজাতীয় ইনজেকশন রয়েছে। বিভিন্ন প্রকারের উদ্ধারকৃত অস্ত্র ও গোলাবারুদের মধ্যে রয়েছে ৪টি পিস্তল, ১টি রিভলভার, ২টি গান, ৬৯৫ কেজি বিস্ফোরক, ৫টি ম্যাগাজিন, ৩টি মর্টার শেল এবং ১৮টি আর্টিলারি/রকেট শেল। এ ব্যাপারে ৪,৭৭৭ টি মামলা দায়ের এবং ২৯৯ জন চোরাকারবারিকে আটক করা হয়েছে।

## দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ

| ক্রমিক | নং, পদবি, নাম ও ইউনিট | অপরাধের বিবরণ, প্রদত্ত শাস্তি ও শাস্তি প্রদানের তারিখ |
|---|---|---|
| ১। | নং ৯২৬৭৯ সিপাহী<br>মোঃ মনির হোসেন<br>হবিগঞ্জ ব্যাটাঃ (৫৫ বিজিবি) | ভারপ্রাপ্ত বিওপি কমান্ডার টহলে গমনের আদেশ দিলে বিওপি কমান্ডার'কে অশ্লীল ভাষায় গালিগালাজ করা এবং ভারপ্রাপ্ত বিওপি কমান্ডার হাবিলদার মোঃ আজিজুর রহমানের কপালে ২/৩ টি কিল/ঘুষি মারা। এছাড়াও, গাঁজা সেবনের উদ্দেশ্যে নিজের কাছে গাঁজা ও নিয়মবহির্ভূত দুইটি মোবাইল ফোন এবং ০৫টি সীম কার্ড রাখায়।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ০২-০৩-২১।** |
| ২। | বাবুর্চি-৩৬৭৪ বাবুর্চি<br>মোঃ ফারুক হোসেন হাওলাদার<br>কুষ্টিয়া ব্যাটাঃ (৪৭ বিজিবি) | ২৭ জুন ২০২০ তারিখে ৪৫ দিনের অর্জিত ছুটিতে গমন করে। ছুটি শেষে যথাসময়ে যোগদান না করে ৩ মাস ২৭ দিন অনুপস্থিত থেকে ৬ ডিসেম্বর ২০২০ তারিখ স্বেচ্ছায় ইউনিটে যোগদান এবং চাকুরী করতে অনিচ্ছা প্রকাশ করায়। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ : ০৩-০৩-২১।** |
| ৩। | ৮৭৫৮৯ মেডিঃ সহঃ সিপাহী<br>মোঃ হাবিবুর রহমান<br>বিজি হাসপাতাল, ঢাকা | ব্যক্তিগতভাবে পার্বত্য ছাত্র পরিষদ এবং পারিবারিকভাবে বিএনপি এর সমর্থক হওয়ায় নিজ ফেইসবুক একাউন্টে বাংলাদেশের স্বাধীনতার ঘোষক মর্মে জিয়াউর রহমান এর ছবি সম্বলিত মিথ্যা পোষ্ট শেয়ার করে। বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে বিভিন্ন গ্রুপের সাথে যুক্ত হয়ে সরকার ঘোষিত বেতনস্কেল নিয়ে বিভিন্ন গোষ্ঠীর অপপ্রচারের বিষয়ে লাইক ও শেয়ার, বিভিন্ন স্থাপনা ও ইউনিফরম পরিহিত ছবি আপলোড করা, চাকুরী সম্পর্কে নেতিবাচক এবং হতাশাব্যাঞ্জক মন্তব্য করায়। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ : ০৪-০৩-২১।** |
| ৪। | নং ৮২২২৪ সিপাহী<br>মোঃ আল মামুন মিয়া<br>আলীকদম ব্যাটাঃ (৫৭ বিজিবি) | বয়স পূর্তির পূর্বে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া, ১ম স্ত্রী এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া এবং ২য় বিবাহের পর ১ম স্ত্রী'কে শারীরিক ও মানসিক নির্যাতন এবং ভরণপোষণ না দেয়ায়। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ : ০৭-০৩-২১।** |
| ৫। | বক্ষ নং-৬২৭ রিক্রুট (জিডি)<br>মারুফ কবির মিম<br>বিজিটিসিএন্ডসি | প্রশিক্ষণ শুরু হওয়ার প্রথম থেকেই প্রশিক্ষণ গ্রহণে অনীহা প্রকাশ এবং শৃঙ্খলা পরিপন্থী আচরণ, প্রশিক্ষকদের সাথে ঔদ্ধত্যপূর্ণ ব্যবহার, বিভিন্ন নির্দেশনার প্রতি অবহেলা, সেভ না করে পিটি-প্যারেড ও অন্যান্য কার্যক্রমে অংশগ্রহণ করে। ইচ্ছাকৃতভাবে গভীর রাত্রে চিৎকার করে এবং খাবার ভক্ষণ হতে বিরত থেকে দূর্বল হয়ে প্রায়শ অসুস্থ হয়ে প্রশিক্ষণ কার্যক্রমে অনুপস্থিত থাকে। বর্ণিত রিক্রুটকে প্রেষণা প্রদান করা সত্ত্বেও চাকুরী হতে অব্যাহতি নিয়ে নিজ বাড়ীতে চলে যাওয়ার কথা প্রকাশ করায়। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ০৮-০৩-২১।** |
| ৬। | বক্ষ নং-৪৫১৪ রিক্রুট (জিডি)<br>রেশাদ মোল্যা<br>ময়মনসিংহ ব্যাটাঃ (৩৯ বিজিবি) | প্রশিক্ষণ গ্রহণে অনীহা প্রকাশ, প্রশিক্ষণ কেন্দ্রের উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক বারংবার প্রেষণা প্রদান করলেও সে প্রশিক্ষণ গ্রহণ করতে অপারগতা প্রকাশ এবং প্রশিক্ষণ হতে তাকে অব্যাহতি প্রদান না করলে আত্মহত্যার হুমকি প্রদান করায়। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ০৯-০৩-২১।** |
| ৭। | বক্ষ নং-৪৫৭৭ রিক্রুট (জিডি)<br>মোঃ শাহিদুল ইসলাম<br>ময়মনসিংহ ব্যাটাঃ (৩৯ বিজিবি) | ০১ মার্চ ২০২১ তারিখে রিক্রুট লাইন হতে পলায়ন করে। পরবর্তীতে ০২ মার্চ ২০২১ তারিখ স্বেচ্ছায় অভিভাবকসহ ০১ দিন ১৩ ঘন্টা ৩০ মিনিট অনুপস্থিত থেকে প্রশিক্ষণ কেন্দ্রে হাজির হওয়ায়।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ০৯-০৩-২১।** |
| ৮। | নং ১০১৫৪২ সিপাহী<br>মৌসুমী আক্তার<br>পঞ্চগড় ব্যাটাঃ (১৮ বিজিবি) | বয়স পূর্তির পূর্বে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া, ছুটি শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করা, এছাড়াও ছুটিতে থাকাবস্থায় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ব্যতিরেকে তার স্বামীর বিরুদ্ধে বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে তদন্ত আদালতে স্বামীকে নির্দোষ প্রমাণ এবং চাকুরী বাঁচানোর জন্য মিথ্যা তথ্য ও বানোয়াট আবেদনপত্র মহাপরিচালক মহোদয় বরাবরে প্রেরণ করায়। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ : ১৫-০৩-২১।** |
| ৯। | নং ৮০০১৬ সিপাহী<br>বিকু চন্দ্র বিশ্বাস<br>বিয়ানীবাজার ব্যাটাঃ (৫২ বিজিবি) | ০৩ মে ২০১২ তারিখে ১ম বিবাহ বন্ধনে অবদ্ধ হয়। পরবর্তীতে ১ম স্ত্রী ও কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া, ১ম স্ত্রী ও সন্তানের ভরণপোষণ না দেয়া এবং নিয়ম বহির্ভূতভাবে ৫ টি মোবাইল সীম কার্ড ব্যবহার করায়। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ২১-০৩-২১।** |
| ১০। | নং ৯৭৪৭৫ সিপাহী<br>শাহিন ইসলাম<br>জামালপুর ব্যাটাঃ (৩৫ বিজিবি) | ছুটি ব্যতিরেকে সৈনিক লাইন হতে পলায়ন করে এবং প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাত করার জন্য গণভবন এলাকায় গমন করে। বর্ণিত সৈনিক গণভবন সংলগ্ন এলাকায় সন্দেহজনক ভাবে ঘোরাফেরা করে এবং এসএসএফ এর নিকট প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাত করতে চাইলে তাকে আটক করতঃ শেরেবাংলা নগর থানা, ঢাকা পুলিশের কাছে হস্তান্তর করে। এছাড়াও কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে বয়স পূর্তির পূর্বে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ায়।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ২৩-০৩-২১।** |
| ১১। | নং ৯৫৪৯৪ সিপাহী<br>মোঃ সাহাব উদ্দিন আহম্মদ<br>লালমনিরহাট ব্যাটাঃ (১৫ বিজিবি) | ছুটি শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে ৩ মাস ২৮ দিন ৭ ঘন্টা অনুপস্থিত থেকে ১০ ফেব্রুয়ারি ২০২১ তারিখে স্বেচ্ছায় কর্মস্থলে যোগদান করায়।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ : ২৬-০৩-২১।** |
| ১২। | নং ৯৮০৮৭ সিপাহী<br>মোঃ আশরাফুল হক<br>বিয়ানীবাজার ব্যাটাঃ (৫২ বিজিবি) | বিজিবি'তে তালিকাভূক্তির পূর্বেই বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া, স্ত্রী'র খোঁজখবর ও ভরণপোষণ না দেয়া এবং ১ম স্ত্রী ও কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ায়।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ : ২৮-০৩-২১।** |




২৬ মার্চ ২০২১ তারিখে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বাংলাদেশ-ভারত সীমান্তের আখাউড়া-আগরতলা, বেনাপোল-পেট্রাপোল ও বাংলাবান্ধা-ফুলবাড়ী আইসিপিসমূহে বিজিবি-বিএসএফ কর্তৃক যৌথ 'রিট্রিট সিরিমনি' প্যারেড অনুষ্ঠিত হয়।



স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর ব্যবস্থাপনায় সীমান্তবর্তী এলাকার প্রায় ৫২২ জন অসহায়, গরীব ও দুস্থ জনসাধারণকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান এবং ঔষধ বিতরণ করা হয়।



১৪ মার্চ ২০২১ হতে ০৮ এপ্রিল ২০২১ তারিখ পর্যন্ত সিলেট ব্যাটালিয়ন (৪৮ বিজিবি) এর ব্যবস্থাপনায় প্রশিক্ষকের প্রশিক্ষণ (TOT) এমজি ক্যাডার পরিচালিত হয়।



২০ মার্চ ২০২১ তারিখ যশোর ব্যাটালিয়ন (৪৯ বিজিবি) এর টহল দল হামিদপুর বাজার পাঁকা রাস্তার উপর একটি যাত্রীবাহী বাস তল্লাশী করে ৪ কেজি ৫৪০ গ্রাম ওজনের ১৩ টি স্বর্ণের বারসহ ০২ জন আসামী আটক করে।



২৭ মার্চ ২০২১ তারিখ বাঘাইহাট ব্যাটালিয়ন (৫৪ বিজিবি) এর কাচালং-১ বিওপি এবং ৬৪ বিএসএফ এর গর্জনপাশা ক্যাম্পের সাথে বিজিবি-বিএসএফ যৌথ টহল ও পিলার পরিদর্শন অনুষ্ঠিত হয়।



৪-২১ মার্চ ২০২১ তারিখ পর্যন্ত ঢাকায় অনুষ্ঠিত 'মহান স্বাধীনতা দিবস হ্যান্ডবল প্রতিযোগিতা-২০২১' এ বিজিবি হ্যান্ডবল দল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

